

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট  
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০১.১৭.০৮৮.১৮.২৫৩(৪)

তারিখ : ৩০ সেপ্টেম্বর ২০১৮ খ্রি.



ঢাকা, ৩০ সেপ্টেম্বর ২০১৮ খ্রি. প্রেস রিলিজ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট-এর উদ্যোগে আগামী ৩০ সেপ্টেম্বর থেকে ২৫ অক্টোবর ২০১৮ খ্রি. পর্যন্ত ০৪ (চার) সপ্তাহব্যাপী 'মর্ডান ব্রডকাস্টিং টেকনোলজি' শীর্ষক প্রশিক্ষণ পাঠ্যধারা আয়োজন করা হয়েছে।

পাঠ্যধারাটিতে বাংলাদেশ বেতার থেকে ০৬ (ছয়) জন, বাংলাদেশ টেলিভিশন থেকে ০২ (দুই) জন, প্রাইভেট টিভি চ্যানেল থেকে ০২ (দুই) জন ও ০৭ (সাত) জন ফ্রিল্যান্সসহ মোট ১৭ (সতের) জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করছেন। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ মাসুদ করিম পাঠ্যধারার উদ্বোধন অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এবং উদ্বোধন ঘোষণা করেন।

এ প্রশিক্ষণে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে প্রশিক্ষণার্থীবৃন্দ টেলিভিশন ব্রডকাস্টিং পদ্ধতি এবং স্টুডিও যন্ত্রপাতি, সম্প্রচার চেইন, বিভিন্ন প্রকার ট্রান্সমিটার, আধুনিক ব্রডকাস্টিং স্টেশনের ভূমিকা, স্যাটেলাইট লিংক বাজেট, বেসিক ডিজিটাল চেইন, টেলিভিশন নেটওয়ার্ক পদ্ধতি, ই এম ওয়েভ এবং এন্টেনা, সাবমেরিন ক্যাবল, আধুনিক সম্প্রচারের পরিকল্পনা, ডিজিটাল যোগাযোগ কৌশল, এসডিজি, তথ্য অধিকার আইন, অপটিক্যাল এফডিএম, ওটিডিএম প্রযুক্তি এবং প্রয়োগ ইত্যাদি বিষয়ে তত্ত্বীয় এবং ব্যবহারিক জ্ঞান ও দক্ষতা অর্জন করবেন।

প্রশিক্ষণার্থীদের হাতে কলমে পাঠদানের মাধ্যমে দক্ষ সম্প্রচার কর্মী হিসেবে গড়ে তোলাই এ পাঠ্যধারার মূল লক্ষ্য।

  
আবদুল হান্নান  
গণসংযোগ কর্মকর্তা  
ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২  


বিতরণ :

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা
- ২। মূখ্য বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশেটিভি/ এনটিভি/ সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের কাগজ/ কমিউনিটি রেডিওসমূহ।
- ৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।  
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।